গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সাভার, ঢাকা
www.shniyd.gov.bd

## শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর নির্বাহী কাউন্সিলের ১ম সভার কার্যবিবরণী

সভাপতি : মোহাম্মদ আব্দুল্লাহ্
সিনিয়র সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

সভার স্থান : সম্মেলন কক্ষ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

সভার তারিখ ও সময় : ০৬-০২-২০১৯খ্রিঃ, সকাল ১১.০০মিঃ

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট 'ক'

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর মহাপরিচালক সভায় ইনস্টিটিউটের বিভিন্ন কার্যক্রম (প্রস্তাবিত) পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করেন। সভায় বিভিন্ন বিষয়ে আলোচনা ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ :

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | **ভিশন ও মিশন :** সভায় শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর ভিশন ও মিশন নির্ধারনের নিম্নোক্ত প্রস্তাব করা হয়।<br>**ভিশন :** সেন্টার অফ এক্সিলেন্স (শ্রেষ্ঠ কেন্দ্র) হিসেবে যুবদের প্রতিভা ও দক্ষতা উন্নয়নের মাধ্যমে উন্নত ও ন্যায়ভিত্তিক সমাজ প্রতিষ্ঠা।<br>**মিশন :** সর্বক্ষেত্রে যুবদের প্রতিষ্ঠার লক্ষ্যে তাদের প্রতিভার বিকাশ ও ক্ষমতায়নের মাধ্যমে জাতীয় প্রবৃদ্ধি অর্জনের জন্য মানসম্মত প্রশিক্ষণ, শিক্ষা প্রদান এবং অন্যান্য কার্যক্রম পরিচালনা।<br>উপস্থাপিত ভিশন ও মিশন নিয়ে আলোচনা করা হয়। উপস্থিত সদস্যবৃন্দ এতদবিষয়ে পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন ও বিয়োজনের বিভিন্ন প্রস্তাব পেশ করেন। সভাপতি মহোদয় তাদের প্রস্তাবনা লিখিত আকারে ই-মেইলে প্রেরণের অনুরোধ করেন।<br>উপস্থিত কয়েকজন ভিশন সম্পর্কে নিম্নে বর্ণিত প্রস্তাব দেন-<br>ক) জনাব মোঃ শহীদুজ্জামান, মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর- যুবদের প্রতিভা বিকাশ ও দক্ষতার উৎকর্ষ সাধনের মাধ্যমে উন্নত, ন্যায় ভিত্তিক, বিজ্ঞান মনস্ক ও টেকসই সমাজ প্রতিষ্ঠা।<br>খ) সংস্কৃতি মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব জনাব শওকত আলী বলেন, ভিশনের উপাদান হিসেবে উন্নত ও ন্যায় ভিত্তিক টেকসই সমাজ গঠনে যুবদের ভূমিকা/ প্রচেষ্টা অন্তর্ভুক্ত হতে পারে।<br>গ) জনাব এরশাদ-উর-রশিদ, পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর বলেন যুবদের প্রতিভা বিকাশ ও মানবসম্পদে উপনীত করণের মাধ্যমে উন্নততর ন্যায়ভিত্তিক সমাজ প্রতিষ্ঠা।<br>ঘ) উপ-সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় বলেন মেধা বিকাশ ও লালন এবং আত্মকর্মসংস্থান শব্দগুলো যুক্ত করা যেতে পারে।<br>উপস্থিত কয়েকজন মিশন সম্পর্কে নিম্নে বর্ণিত প্রস্তাব দেন-<br>ক) জনাব এরশাদ-উর-রশিদ, পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর- সর্বক্ষেত্রে যুবদের প্রতিষ্ঠার লক্ষ্যে তাদের প্রতিভার বিকাশ ও ক্ষমতায়নের মাধ্যমে জাতীয় প্রবৃদ্ধি অর্জনের জন্য মানসম্মত প্রশিক্ষণ, শিক্ষা প্রদান, গবেষণা পরিচালনা এবং অন্যান্য কার্যক্রম পরিচালনা। | সদস্যবৃন্দকে ভিশন ও মিশন সম্পর্কে তাদের সুচিন্তিত প্রস্তাব ও মতামত লিখিতভাবে ই-মেইলে প্রেরণের জন্য অনুরোধ করা হয়। | মহাপরিচালক শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এবং নির্বাহী কাউন্সিলের সদস্যবৃন্দ। |

| ক্র | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০২ | **জনবল :** জনবল সৃস্টির বিষয়ে ইনস্টিটিউটের পক্ষ থেকে একটি খসড়া প্রস্তাব উপস্থাপন করা হয়। প্রস্তাবনায় সর্বমোট ৫৭৪টি পদে জনবল নিয়োগের প্রস্তাব করা হয়; তন্মধ্যে স্বল্প মেয়াদে (১ম ৩বছর) ২০৭টি, মধ্য মেয়াদে (২য় ৩ বছর) ১৮৭টি এবং দীর্ঘ মেয়াদে (৩য় ৪ বছর) ১৮০টি পদ। | জন প্রশাসন মন্ত্রণালয়ের পদসৃস্টির নির্ধারিত চেকলিস্ট অনুসরনে সচিব মহোদয়ের সভাপতিত্বে মন্ত্রণালয়ের অভ্যন্তরিণ সভায় পর্যালোচনা করে এতদবিষয়ে প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | মহাপরিচালক শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট |
| ০৩ | **ভূমি :** শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের অভ্যন্তরে বর্তমানে ৮.০০ একর জমি রয়েছে। যার মধ্যে ১৯৮০ সালে শুরু হওয়া যুব প্রশিক্ষণ কেন্দ্র-এর ৫.০০ একর এবং ১৯৯৮ সালে শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্র স্থাপনের সময় আরও ৩.০০ একর জমি নেয়া হয়। বর্তমানে এখানে শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের কার্যক্রমের পাশাপাশি যুব প্রশিক্ষণ কেন্দ্র ও বেকার যুবদের কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের কার্যক্রম চলমান আছে।<br>সভায় ইনস্টিটিউটের জন্য নিম্নে বর্ণিত জমি ইনস্টিটিউটের অনুকূলে বরাদ্দ নেয়ার বিষয়ে বিস্তারিত আলোচনা হয় :<br>ক) ঢাকা আরিচা মহাসড়কে জাহাঙ্গীরসগর বিশ্ববিদ্যালয়ের বিপরীতে অবস্থিত মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন সরকারি দুগ্ধ খামার ও কেন্দ্রীয় গো-প্রজনন কেন্দ্রের ১০০ একর জমি।<br>খ) ঢাকা আরিচা মহাসড়কের পূর্বদিকে বিশমাইল-জিরাবো সড়কের উত্তরপাশে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন সরকারি দুগ্ধ খামার ও কেন্দ্রীয় গো-প্রজনন কেন্দ্রের ১০০ একর জমি।<br>গ) বিদ্যমান শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট সংলগ্ন দক্ষিন-পূর্ব-উত্তর পাশের ১০০ একর জমি।<br>ইতিমধ্যে শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট একটি স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান হিসেবে কার্যক্রম শুরু করছে। প্রতিষ্ঠানটিতে বিভিন্ন মেয়াদের প্রশিক্ষণ, শিক্ষা, উচ্চ শিক্ষা ও গবেষণা কার্যক্রম পরিচালিত হবে। সেক্ষেত্রে আধুনিক বিভিন্ন অবকাঠামো নির্মাণসহ সুযোগ সুবিধা বৃদ্ধি করতে হবে। বর্তমান ইনস্টিটিউটের অভ্যন্তরে বিদ্যমান ৮.০ একর জমিতে নতুন অবকাঠামো নির্মাণ ও আধুনিক সুযোগ সুবিধা সৃষ্টির লক্ষ্যে প্রস্তাবিত জমির প্রয়োজনীয়তার বিষয় আলোকপাত করা হয়।<br>একই ক্যাম্পাসে তিনটি প্রতিষ্ঠানের কার্যক্রম সামঞ্জস্যপূর্ণ নয় বিধায় আলাদা ক্যাম্পাস গঠনের প্রস্তাব করা হয়। | ক) ঢাকা আরিচা মহাসড়কে জাহাঙ্গীরসগর বিশ্ববিদ্যালয়ের বিপরীতে অবস্থিত মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন সরকারি দুগ্ধ খামার ও কেন্দ্রীয় গো-প্রজনন কেন্দ্রের নূন্যতম ১০০ একর জমি গ্রহণ করার বিষয়ে কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গ্রহীত হয়। এছাড়াও অধিকতর সুবিধাজনক কোন জমির বিষয়ে বিকল্প কোন প্রস্তাব থাকলে লিখিত প্রস্তাব দেয়ার জন্য অনুরোধ করা হয়। | মহাপরিচালক শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট |
| ০৪ | **অবকাঠামো :** মহাপরিচালক মহোদয় বর্ণিত অবকাঠামো স্থাপনের প্রস্তাব উপস্থাপন করেন :<br>প্রশাসনিক ভবন, একাডেমিক ভবন, প্রশিক্ষণ ভবন, আন্তর্জাতিক মানের হোস্টেল, হোস্টেল (ছাত্রাবাস), হোস্টেল (ছাত্রীনিবাস), জিমনেসিয়াম/ সাংস্কৃতিক ভবন, গ্রন্থাগার, অডিটরিয়াম, আধুনিক মেডিকেল সেন্টার, মসজিদ/ প্রার্থনা ভবন, ক্যাফেটরিয়া, ডরমেটরি/ রেস্ট হাউজ, আবাসিক ভবন, শহীদ মিনার, খেলার মাঠ, শিশুপার্ক, | অবকাঠামো নির্মাণের বিষয়ে ভূমি ব্যবহারে পরিকল্পনার (Landuse plan) বিষয়ে লিখিত প্রস্তাব/ মতামত প্রদানের জন্য অনুরোধ করা হয়। | মহাপরিচালক শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট |

| ক্র | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | ইনডোর গেম জোন, বাস্কেটবল গ্রাউন্ড, টেনিস গ্রাউন্ড, সুইমিং পুল, স্কুল ভবন, বাগান, পরিবহণ/ গ্যারেজ/ ওয়ার্কসপ।<br>উপস্থিত সদস্যবৃন্দ অবকাঠামো নির্মাণের ক্ষেত্রে বহুতল বিশিষ্ট ইমারত স্থাপনের জন্য মতামত দেন। এছাড়াও **হেলিপ্যাড**, ক্যাম্পাসের সীমানা ঘেষে Walk way, ক্যাম্পাসে পরিকল্পিত বাগান, পুকুর/লেক, মুক্তিযুদ্ধের স্মৃতি কর্নার স্থাপনে মতামত ব্যক্ত করেন। | | |
| ০৫ | **একাডেমিক কার্যক্রম :** মহাপরিচালক মহোদয় ৪ সপ্তাহ মেয়াদী স্বল্প মেয়াদি প্রশিক্ষণ কোর্স, ১ বৎসর মেয়াদি ডিপ্লোমা কোর্স, ০৪ বৎসর মেয়াদী আন্ডার গ্রাজুয়েট কোর্স, ০১ বৎসর মেয়াদী পোস্ট গ্রাজুয়েট কোর্স ও পিএইচডি ডিগ্রির এবং প্রত্যেকটি কোর্সের বিষয়গুলো উপস্থাপন করেন।<br>উপস্থিত সদস্যবৃন্দের বর্ণিত মতামত ব্যক্ত করেন-<br>ক) প্রস্তাবিত বিষয়গুলির সাথে আরও যুগোপযোগী বিষয় অন্তর্ভুক্ত করা।<br>খ) স্বল্প মেয়াদি বিষয়গুলি ৪ সপ্তাহ, ৮ সপ্তাহ ও ১২ সপ্তাহ মেয়াদি করা।<br>গ) পিএইচডি ডিগ্রির বিষয়গুলো সংযোজন ও বিয়োজন করা।<br>ঘ) স্নাতক, স্নাতকোত্তর এবং পিএইচডি ডিগ্রি প্রদানের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের বিধি মোতাবেক/ পাবলিক বিশ্ববিদ্যালয়ের এফিলেশন নেয়ার সিদ্ধান্ত গ্রহীত হয়। | প্রশিক্ষণসহ একাডেমিক কার্যক্রম আরও পরীক্ষা নিরীক্ষাপূর্বক দাখিল করার সিদ্ধান্ত গ্রহীত হয়।<br>এবং লিখিত মতামত দেয়ার জন্য সকলকে অনুরোধ করা হয়। | মহাপরিচালক শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট |
| ০৬ | অন্যান্য : মহাপরিচালক অন্যান্য কার্যক্রমের মধ্যে যুব বিনিময়, যুব সমাবেশ, সেমিনার, কর্মশালা, যুব পার্লামেন্ট, ইয়ুথ লিডারশিপ ফোরাম, রিসার্স, থিংক ট্যাঙ্ক প্রস্তাব উপস্থাপন করেন।<br>সদস্যবৃন্দ মান সম্মত গবেষণা পরিচালনা, দেশিয় ও আন্তর্জাতিক মানের সেমিনার ও কর্মশালা আয়োজনের ব্যাপারে মতামত দেন। | কার্যক্রমগুলো মানসম্মত ভাবে পরিচালনা করা, সকল কার্যক্রমে বিদেশী প্রতিনিধি অন্তর্ভুক্ত করার ব্যাপারে সিদ্ধান্ত গ্রহীত হয়।<br>এবং<br>এবিষয়ে লিখিত মতামত দেয়ার জন্য অনুরোধ করা হয়। | মহাপরিচালক শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট |

পরিশেষে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

**স্বাক্ষরিত/-**
(মোহাম্মদ আব্দুল্লাহ্)
সিনিয়র সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
এবং
চেয়ারম্যান
নির্বাহী কাউন্সিল
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট

স্মারক নং- ৩৪.০৬.২৬৭২.০০০.১৮.০০১.১৮- ৪২ তাং-১৪-০২-২০১৯খ্রি:

**অনুলিপি : জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

০১। জনাব মোঃ শহীদুজ্জামান, মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০২। জনাব মোঃ আনোয়ারুল ইসলাম সরকার, অতিরিক্ত সচিব, যুব ক্রীড়া মন্ত্রণালয় ও মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।
০৩। জনাব মোহাম্মদ মুনির হোসেন, এম.ডি.এস, অতিরিক্ত সচিব, বিপিএটিসি, সাভার, ঢাকা।
০৪। ড. মোঃ খালেদ, সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, ঢাকা।
০৫। জনাব মোঃ কামাল উদ্দিন বিশ্বাস, যুগ্মসচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। জনাব শিবানী ভট্টাচার্য, যুগ্মসচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। জনাব জিয়াউর রহমান খান, যুগ্মসচিব, শিল্প মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। জনাব মোঃ সাইদুর রহমান, যুগ্মসচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। জনাব শ্যামল চন্দ্র কর্মকার, যুগ্মসচিব, মৎস্য ও প্রাণিসম্পদ, মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। জনাব মোহাম্মদ রেজাউল করিম, সদস্য (যুগ্মসচিব), জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।
১১। ড. মোঃ আমিনুর রহমান, যুগ্মসচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। জনাব মাহবুবুর রহমান, যুগ্মসচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। ড. আনোয়ারুল্লাহ ভূইয়া, অধ্যাপক, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।
১৪। জনাব ভীষ্মদেব চৌধুরী, অধ্যাপক, বাংলা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১৫। ড. মুনাজ আহমেদ নূর, অধ্যাপক, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, গাজীপুর।
১৬। জনাব মোঃ মোখলেছুর রহমান আকন্দ, উপসচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭। জনাব প্রার্থ প্রতিম দেব, নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল।
১৮। জনাব মোঃ আমজাদ হোসেন, পরিচালক, এফবিসিসিআই, ঢাকা।
১৯। জনাব মোঃ আয়েন উদ্দিন, সাবেক কমান্ডার , সভাপতি, মুক্তিযোদ্ধের চেতনা, সাভার, ঢাকা।
২০। জনাব মুনিয়া ইসলাম মজুমদার, সরকার কর্তৃক মনোনীত যুব সংগঠনের নারী প্রতিনিধি।
২১। জনাব অমিয় প্রাপন চক্রবর্তী, জাতীয় পুরস্কার প্রাপ্ত যুব সংগঠক, কমলকুটির মন্ডল পাড়া, বেগমগঞ্জ, নোয়াখালী।
২২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৪/২/২০১৯
(মোরশেদ উদ্দিন আহমদ)
পরিচালক (অঃদাঃ)
ও
রেজিস্ট্রার (অঃদাঃ)
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট